ভোরের কাগজ

FEB 7 2001

তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ২০ কলাম ৬

# শিক্ষার্থীদের হাতে বই না পৌঁছলে ছাত্র গণঅভ্যুত্থানে সরকার হটানো হবে

## শিক্ষা মন্ত্রণালয় ঘেরাওয়ের আগে সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ

কাগজ প্রতিবেদক : পূর্ব ঘোষিত কর্মসূচি অনুযায়ী জাতীয়তাবাদী ছাত্রদল গত সোমবার ঢাকায় শিক্ষা মন্ত্রণালয় ঘেরাও এবং দেশের বিভিন্ন জেলা সদরে বিক্ষোভ মিছিল কর্মসূচি পালন করেছে। ঢাকায় মুক্তাঙ্গনে মিছিলপূর্ব সমাবেশে ছাত্রনেতৃবৃন্দ অবিলম্বে শিক্ষার্থীদের হাতে পাঠ্যবই পৌঁছে দেওয়ার দাবি জানান। অন্যথায় ছাত্র-গণঅভ্যুত্থানের মাধ্যমে বর্তমান সরকারের পতন ঘটানো হবে বলে তারা হুমকি দেন।

মুক্তাঙ্গনের সমাবেশ শেষে ছাত্রদল নেতাকর্মীরা মিছিলযোগে শিক্ষা মন্ত্রণালয়ে যাবার পথে পুলিশি বাধার মুখে জাতীয় প্রেসক্লাবের সামনে কিছুক্ষণ অবস্থান করে। এ সময় একটি পটকা বিস্ফোরিত হয়। পরে শান্তিপূর্ণভাবে কর্মসূচি শেষ হয়।

শিক্ষার্থীদের হাতে যথাসময়ে বই না পৌঁছা, পাঠ্যপুস্তক ও শিক্ষা ব্যবস্থা নিয়ে ষড়যন্ত্র ও ২০তম বিসিএস পরীক্ষায় দলীয়করণের অভিযোগ এনে তার প্রতিবাদে এবং জননিরাপত্তা আইন বাতিল-ও গ্রেপ্তারকৃত নেতাকর্মীদের মুক্তির দাবিতে ছাত্রদল ঐ কর্মসূচি পালন করে। ঘেরাও কর্মসূচি উপলক্ষে সকালে মুক্তাঙ্গনে আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদল সভাপতি নাসির উদ্দিন আহমেদ পিন্টু, সাধারণ সম্পাদক সাহাবউদ্দিন লাল্টু, সিনিয়র সহসভাপতি মনজুরে এলাহী, সাংগঠনিক সম্পাদক এ বি এম মোশাররফ হোসেন প্রমুখ।

সমাবেশে ছাত্রদল সভাপতি নাসির উদ্দিন আহমেদ পিন্টু বলেন, বর্তমান সরকার দেশের শিক্ষা ব্যবস্থা ধ্বংসের যে নীলনকশা প্রণয়ন করেছে পাঠ্যবই কেলেঙ্কারি সেই ষড়যন্ত্রেরই ধারাবাহিকতা। তিনি বলেন, 'অবিলম্বে শিক্ষার্থীদের হাতে বই পৌঁছে দিন, ২০তম বিসিএস পরীক্ষার ফলাফল ও জননিরপত্তা আইন বাতিল করুন। অন্যথায় ছাত্র গণ-অভ্যুত্থানের মাধ্যমে আপনাদের (সরকার) পতন ত্বরান্বিত করে প্রকাশ্যে আপনাদের বিচার করবো।' ছাত্রদল সাধারণ সম্পাদক সাহাব উদ্দিন লাল্টু বলেন, অতীতের গৌরবোজ্জ্বল ইতিহাসকে বুকে ধারণ করেই একটি সফল ও ন্যায়সঙ্গত ছাত্র গণঅভ্যুত্থানের মাধ্যমেই বর্তমান সরকারকে ক্ষমতাচ্যুত করার দায়িত্ব নিয়েই ছাত্রদল মাঠে নেমেছে।